COVID-19 VACCINE
Public Health Advice



# 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য কমির্নাটি (Pfizer/BioNTech) টিকা

## পিতামাতা এবং অভিভাবকদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য

সংস্করণ 7
14 সেপ্টেম্বর 2023

HSE

Rialtas na hÉireann
Government of Ireland

## এই লিফলেটটির বিষয়ে

এই লিফলেটটি 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য COVID-19 (করোনাভাইরাস) টিকার বিষয়ে বলে।.

এটি আপনাকে নিম্নলিখিত বিষয়ে বলে:

- 5-11 বছর বয়সী শিশুদের মধ্যে COVID-19 হওয়া
- COVID-19 টিকা কী
- 5 থেকে 11 বছর বয়সী শিশুদের টিকা নেওয়ার সুবিধাগুলি
- 5 থেকে 11 বছর বয়সী শিশুদের টিকা নেওয়ার ঝুঁকিগুলি
- টিকার নিরাপত্তা এবং পার্শ্ব প্রতিক্রিয়াগুলি
- তাদের COVID-19 টিকা নেওয়ার পরে কী প্রত্যাশা করা যায়
- তাদের COVID-19 টিকা নেওয়ার জন্য সম্মতি প্রদান
- আপনি কোথা থেকে আরও তথ্য পেতে পারেন

অনুগ্রহ করে এই লিফলেটটি মনোযোগ সহকারে পড়ুন।. এই তথ্য পুস্তিকার জন্য আমাদের লক্ষ্য হল, আপনাকে আপনার সন্তানের টিকা নেওয়ার বিষয়ে একটি অবগত সিদ্ধান্ত নেওয়ার সুযোগ প্রদান করা।. এছাড়াও আপনি টিকা সম্পর্কে আপনার জিপি (চিকিৎসক) বা ফার্মাসিস্টের মতো কোনো স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে কথা বলতে পারেন।.

**এছাড়াও আপনি:**

- টিকা প্রস্তুতকারকের সরবরাহ করা রোগীর তথ্য সমন্বিত লিফলেট পড়তে পারেন এখানে **www.hse.ie/covid19vaccinePIL**
- আপনার সন্তানের সাথে টিকার বিষয়ে আলোচনা করুন বা তাদের সাথে লিফলেটটি পড়ুন
- **www.hse.ie**তে উপলব্ধ আরও তথ্য পড়ুন

## COVID-19 সম্পর্কে

অন্যান্য অংশও প্রভাবিত হতে পারে।. এটি করোনাভাইরাস (coronavirus) নামক ভাইরাসের কারণে হয়।.

COVID-19 অত্যন্ত সংক্রামক।. মানুষের কাশি বা হাঁচির পরে যে ড্রপলেট বা জলকণা বাতাসে ছিটকে বেরোয় সেই বাতাসের মাধ্যমে, বা ড্রপলেটগুলি কোনও পৃষ্ঠতলে পড়লে সেই পৃষ্ঠতল স্পর্শ করে সেই হাত দিয়ে চোখে, নাকে বা মুখে স্পর্শ করার মাধ্যমে এই ভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়ে।.

**COVID-19-এর সবচেয়ে সাধারণ উপসর্গগুলি হলো:**

- জ্বর (38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি শরীরের তাপমাত্রা) - ঠাণ্ডা লাগা সহ
- শুকনো কাশি
- ক্লান্তি

COVID-19-এর সংস্পর্শে আসার পরে উপসর্গ ফুটে উঠতে 14 দিন পর্যন্ত সময় লাগতে পারে।. উপসর্গগুলি সর্দি বা ফ্লু-এর মতোই হতে পারে।. আপনার সন্তানের এই সমস্ত উপসর্গ নাও থাকতে পারে বা তার স্বাভাবিকের চেয়ে শরীর একটু খারাপ লাগতে পারে ব্যস এইটুকুই।.

আপনার সন্তানের মধ্যে COVID-19-এর কোনো উপসর্গ থাকলে, তাকে সেলফ-আইসোলেট বা আলাদা (নিজেদের ঘরের মধ্যে থাকা) রাখতে হবে 48 ঘণ্টার জন্য, তারা ভালো বোধ করার পর পর্যন্ত।. তাদের একটি COVID পরীক্ষার প্রয়োজন আছে কি না তা দেখার জন্য আপনি **www.hse.ie** চেক করতে পারেন।.

COVID-19-এর উপর আরও বেশি তথ্যের জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন **www.hse.ie/coronavirus** বা কল করুন HSELive **1800 700 700-তে।.**

## COVID-19 ও 5 থেকে 11 বছর বয়সী শিশু

COVID-19-এ আক্রান্ত এই বয়সের গোষ্ঠীতে থাকা বেশিরভাগ শিশুদের মধ্যে খুব সামান্য উপসর্গ দেখা যায় অথবা উপসর্গ একেবারেই দেখা যায় না।. এই বয়সে COVID-19 হলে তা বিঘ্নের সৃষ্টি করতে পারে, কারণ শিশুরা স্কুলে যেতে পারবে না।.

COVID-19 আক্রান্ত শিশুদের গুরুতর অসুস্থতা হতে পারে, তাদের হাসপাতালে ভর্তি করতে হতে পারে বা মৃত্যুও হতে পারে, কিন্তু এমনটা খুবই বিরল ক্ষেত্রে হয়।.

মাঝে, COVID-19-এর সংশ্লিষ্ট উপসর্গগুলি কয়েক সপ্তাহ বা মাস ধরে থাকতে পারে।. এটিকে বলা হয় 'দীর্ঘ COVID'।. প্রাপ্তবয়স্কদের তুলনায় শিশুদের মধ্যে এই অবস্থার ঝুঁকি কম থাকে।.

শিশুদের COVID-19-এর কারণে হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি কম, এবং ইন্টেনসিভ কেয়ারে চিকিৎসার প্রয়োজন হওয়ার ঝুঁকিও অত্যন্ত কম।.

যেসব শিশুদের নির্দিষ্ট স্বাস্থ্যগত সমস্যা রয়েছে, তারা যদি COVID-19-এ আক্রান্ত হয়, তবে তাদের গুরুতর অসুস্থতা এবং হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি থাকতে পারে। যাইহোক, আয়ারল্যান্ডে COVID-19 সংক্রমণে যে শিশুদের হাসপাতালে ভর্তি করা হয়েছে, তাদের 10 জনের মধ্যে 7 জনেরই অন্য কোনও স্বাস্থ্যগত সমস্যা বিদ্যমান ছিল।.

বিরল ক্ষেত্রে, COVID-19-এর ফলে শিশুদের মধ্যে মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম (MIS-C) নামক অবস্থা সৃষ্টি হতে পারে।. MIS-C সৃষ্টি হওয়া 75% শিশুর মধ্যে কোনো বিদ্যমান স্বাস্থ্যগত সমস্যা থাকে না।. ওমিক্রণের সংক্রমণের পর MIS-C দেখতে পাওয়ার সম্ভাবনা আরও বিরল।.

এই অবস্থা সৃষ্টি হওয়ার ফলে নিউমোনিয়া, হৃদপিণ্ডের প্রদাহ ও শ্বাসকষ্ট দেখা দেয়।. MIS-C আক্রান্ত বেশিরভাগ শিশু যারা হাসপাতালে বা ইন্টেনসিভ কেয়ারে চিকিৎসা লাভ করে তারা কিছু দিনের মধ্যে ঠিক হয়ে যায়, তবে কিছু শিশুর মধ্যে দীর্ঘস্থায়ী পার্শ্বপ্রতিক্রিয়া রয়ে যেতে পারে এবং খুব স্বল্প সংখ্যক শিশু মারাও যেতে পারে।.

## COVID-19 টিকা কি?

টিকা হল একটি পদার্থ, যেটা কোনও নির্দিষ্ট রোগের রোগ প্রতিরোধ ক্ষমতাকে (সুরক্ষা) উন্নত করে তোলে।. টিকা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা ব্যবস্থাকে শেখায় যে কীভাবে শরীরকে কোনও রোগের বিরুদ্ধে সুরক্ষিত রাখতে হয়।.

উপলব্ধ প্রমাণ থেকে জানা গেছে, COVID-19 টিকা আপনার সন্তানকে COVID-19-এর গুরুতর অসুস্থতা থেকে সুরক্ষা প্রদান করে। শিশুদের টিকা দেওয়ার ফলে আমাদের কমিউনিটিতে শিশুদের COVID-19 সংক্রমণের ফলে গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়া বা মারা যাওয়ার সংখ্যাও কমে যাবে।.

## আমার সন্তানকে কোন টিকা দেওয়া হচ্ছে?

আপনার সন্তানকে যে টিকা দেওয়া হচ্ছে, তার নাম কমির্নাটি (Pfizer/ BioNTech)।.

এটি একটি mRNA টিকা, এটাতে COVID-19 সৃষ্টিকারী কোনো জীবিত ভাইরাস থাকে না, এই টিকা আপনার সন্তানের শরীরকে শেখায় কীভাবে এমন প্রোটিন তৈরি করা যায়, যেটা রোগ প্রতিরোধ প্রতিক্রিয়াকে সক্রিয় করতে পারে।.

আপনার সন্তানের শরীর তখন অ্যান্টিবডি সৃষ্টি করতে থাকে, যে অ্যান্টিবডি তার শরীরে ভবিষ্যতে COVID-19 ভাইরাস প্রবেশ করলে সেই সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে।.

শিশুকে টিকা প্রদানের আগে, আপনাকে শিশুর টিকা নেওয়ার বিষয়ে সম্মতি প্রদান করতে বলা হবে এবং সেই সম্মতি রেকর্ড করা হবে।.

### অভিযোজিত টিকাগুলি

আপনার শিশুকে যে টীকাগুলি দেওয়া হচ্ছে সেগুলি অভিযোজিত টীকা।. অভিযোজিত টিকায় COVID-19-এর বিভিন্ন স্ট্রেনের হাত থেকে সুরক্ষা প্রদানের জন্য mRNA থাকে। আসল টিকার তুলনায়, এগুলি COVID-19-এর ভ্যারিয়েন্টের বিরুদ্ধে ব্যাপক সুরক্ষা প্রদান করবে বলে আশা করা হচ্ছে।.

ন্যাশনাল ইমিউনাইজেশন অ্যাডভাইজরি কমিটি থেকে 5-11 বছর বয়সী শিশুদের জন্য অভিযোজিত টিকার সুপারিশ দেওয়া হয়েছে এবং এই টিকা ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি কর্তৃক অনুমোদিত।.

## টিকাটি 5-11 বছর বয়সী সকল শিশুদের দেওয়া হচ্ছে কেন?

এই বয়সের ছেলেমেয়েদের টিকা দেওয়ার মূল উদ্দেশ্য হল মানুষকে সুরক্ষিত রাখা এবং এই ভাইরাস সৃষ্ট অসুস্থতা ও মৃত্যুর পরিমাণ হ্রাস করা।.

আপনার সন্তানের COVID-19 টিকা নেওয়া থাকলে, তা আপনার সন্তানের পাশাপাশি তার চারপাশের ছেলেমেয়েদেরও COVID-19-এ গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়া থেকে রক্ষা করবে। এই বয়সী ছেলেমেয়েদের মধ্যে COVID-19 থেকে গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়া বিরল ঘটনা, তবে টিকা নেওয়া থাকলে এই COVID-19-এ গুরুতর অসুস্থ হওয়ার সম্ভাবনা আরও কমে যাবে।.

COVID-19 টিকা গ্রহণের জন্য খুব বেশি করে সুপারিশ করে ন্যাশনাল ইমিউনাইজেশন অ্যাডভাইজরি কমিটি (NIAC) সেইসব শিশুদের জন্য যাদের বয়স 5-11 বছর:

- যাদের এমন স্বাস্থ্যগত অবস্থা রয়েছে যার জন্য তাদের COVID-19 হলে গুরুতর অসুস্থতার উচ্চ ঝুঁকি থাকে।
- তারা এমন কোনো ছোটো বাচ্চা বা পূর্ণবয়স্ক মানুষের সাথে থাকে যাদের COVID-19 হলে গুরুতর অসুস্থতার উচ্চ ঝুঁকি থাকে যেমন- জটিল চিকিৎসাগত প্রয়োজনীয়তা সহ অন্য একটি শিশু, বা একজন ইমিউনোকম্প্রোমাইজড প্রাপ্তবয়স্ক মানুষ

এই বয়সের গোষ্ঠীতে থাকা সমস্ত শিশুদের জন্য NIAC-এর সুপারিশ হল যে টিকা নেওয়ার ফলে উদ্ভূত ঝুঁকির তুলনায় প্রাপ্ত সুবিধার মাত্রা বেশি।.

সুবিধাগুলির মধ্যে রয়েছে COVID-19 এড়ানোয় সহায়তা পাওয়া এবং COVID-19 থেকে গুরুতর অসুস্থ হয়ে পড়ার বিরল ঝুঁকি থেকে অতিরিক্ত সুরক্ষা লাভ করা। টিকা প্রাপ্ত শিশুদের COVID-19-এর কারণে স্কুল এবং অন্যান্য ক্রিয়াকলাপ মিস করার সম্ভাবনা কমে যায়।.

## 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য টিকাটি কি কার্যকরী?

কমির্নাটি (Pfizer/BioNTech)টিকার জন্য করা নিদানিক পরীক্ষণটি দেখিয়েছে যে এই বয়সী শিশুদের মধ্যে COVID-19 প্রতিরোধ করার ক্ষেত্রে এটি ভীষণভাবে কার্যকরী ছিল।.

## 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য টিকাটি কি নিরাপদ?

জাতীয় টিকাদান উপদেষ্টা কমিটি সুপারিশ করে যে 5 থেকে 11 বছর বয়সী শিশুদের এই COVID-19 টিকা দেওয়া হবে।.

ক্লিনিকাল ট্রায়ালের অংশ হিসাবে, 5 থেকে 11 বছর বয়সী 2,000 জনেরও বেশি শিশু সহ হাজার লোকের উপর এই টিকা পরীক্ষা করা হয়েছে।. এই বয়সী শিশুদের জন্য ক্লিনিকাল ট্রায়ালে কোনও অতিরিক্ত নিরাপত্তাগত উদ্বেগ পাওয়া যায়নি।.

আশা করা হচ্ছে, আগের টিকার মতোই অভিযোজিত টিকাও নিরাপদ হবে।. ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি (ইএমএ) এই টিকার নিরাপত্তা পর্যবেক্ষণ করতে থাকবে।.

এই টিকা নিরাপত্তা, গুণমান এবং কার্যকারিতার কঠোর মানদণ্ড পূরণ করেছে এবং নিয়ন্ত্রকদের থেকে অনুমোদন ও লাইসেন্সও পেয়েছে।.
আয়ারল্যান্ডের ক্ষেত্রে, নিয়ন্ত্রক সংস্থা হল ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি (EMA)- আরও তথ্যের জন্য **www.ema.europa.eu** -তে যান।.

ব্যবহারের অনুমোদন পাওয়ার জন্য, টিকাটিতে নিরাপত্তার আন্তর্জাতিক মান অনুসরণ করে অন্যান্য লাইসেন্সপ্রাপ্ত ওষুধের মতোই সমস্ত ক্লিনিকাল ট্রায়াল এবং নিরাপত্তাগত পরীক্ষা করা হয়েছে।. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমস্ত COVID-19 টিকার নিরাপত্তাগত পর্যবেক্ষণগুলি ক্রমাগত পর্যালোচনা করে থাকে।.

এই COVID-19 টিকার কাজ স্বাভাবিকের চেয়ে অনেক দ্রুত গতিতে এগিয়েছে ঠিকই, তবে আমরা আপনার সন্তানকে যে টিকা প্রদান করছি সেটি একটি নিরাপদ ও কার্যকর টিকা তৈরি এবং অনুমোদনের প্রয়োজনীয় সমস্ত ধাপই অতিক্রম করেছে।.

আমরা এখনও এই বয়সীদের মধ্যে COVID-19 টিকার কার্যকারিতা ও পার্শ্ব প্রতিক্রিয়ার বিষয়ে শিখে চলেছি।.

সমস্ত ওষুধেরই পার্শ্বপ্রতিক্রিয়া থাকে এবং আপনার সন্তানকে টিকা দেওয়ার সম্মতি দেওয়ার আগে, আপনাকে এই লিফলেটে টিকার পরিচিত সাধারণ এবং বিরল পার্শ্বপ্রতিক্রিয়ার বিষয়ে পড়ে নিতে হবে।.

বিশ্বব্যাপী 5-11 বছর বয়সী লক্ষ শিশুকে ইতিমধ্যে টিকাটি দেওয়া হয়েছে।.

## আমার সন্তানের ইতিমধ্যেই COVID-19 হয়েছিল, সে কি টিকা নিতে পারে?

আপনার সন্তানের ইতিমধ্যেই যদি COVID-19 হয়ে থাকে, তবে তাদের মধ্যে কিছুটা এই রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে ওঠার সম্ভাবনা রয়েছে।.

আপনার সন্তানের ইতিমধ্যেই COVID-19 হয়ে থাকলেও, আবার তাদের এটা হতে পারে।. এই টিকা আবার COVID-19 সংক্রমণ হওয়ার ঝুঁকি হ্রাস করবে।.

## আমার সন্তানের বেশি তাপমাত্রা থাকলে, সে কি এই অবস্থায় COVID-19 টিকা নিতে পারে?

না। যদি তার জ্বর হয় (তাপমাত্রা 38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি), তবে সুস্থ না হওয়া পর্যন্ত তার টিকা নেওয়া থেকে বিরত থাকা উচিত।.

## টিকা নেওয়ার ফলে কি আমার সন্তানের COVID-19 হতে পারে?

না। COVID-19 টিকা নিলে আপনার সন্তানের COVID-19 হতে পারে না। তবে টিকা নেওয়ার আগে COVID-19 সংক্রমণ হয়ে থাকতে পারে এবং টিকা নেওয়ার অ্যাপয়েন্টমেন্টের পর হয়ত উপসর্গগুলি ফুটে উঠতে পারে।.

যদি আপনার সন্তানের মধ্যে COVID-19-এর কোনো উপসর্গ দেখতে পান - অথবা যদি তার টিকা নেওয়ার 2 দিন পরে জ্বর শুরু হয়, বা জ্বর 2 দিনের বেশি সময় ধরে থাকে - তাহলে তাকে আইসোলেশনে রাখা (নিজেদের ঘরে থাকা) উচিত 48 ঘন্টা পর্যন্ত তারা ভালো বোধ করা পর্যন্ত।. আপনি চেক করতে পারেন**www.hse.ie** তাদের একটি COVID-19 পরীক্ষার প্রয়োজন আছে কি না সেটি দেখার জন্য।.

## আমার শিশুকে কে টীকা প্রদান করবেন?

ইনি হলেন সেই ব্যক্তি যিনি তাদের টীকা দেন।. তারা COVID-19 টিকা দেওয়ার জন্য HSE দ্বারা প্রশিক্ষিত।.

## COVID-19 টিকা কীভাবে দেওয়া হয়?

COVID-19 টিকা ঊর্ধ্ব বাহুতে ইনজেকশন হিসাবে দেওয়া হয়।. এটিতে মাত্র কয়েক মিনিট সময় লাগবে।.

## আমার সন্তানকে COVID-19 টিকার কটি ডোজ নিতে হবে?

COVID-19 এর বিরুদ্ধে সম্ভাব্য সর্বোত্তম সুরক্ষার জন্য তাদের Pfizer/BioNTech টিকার 2টি ডোজের প্রয়োজন হবে। প্রথম ডোজের 8 সপ্তাহ পরে শিশুরা তাদের দ্বিতীয় ডোজ পাবে।.

যদি আপনার সন্তানের এমন কোনো চিকিৎসাগত অবস্থা থাকে যার কারণে তার COVID-19 থেকে খুব বেশি অসুস্থ হওয়ার ঝুঁকি থাকে, তাহলে তাদের একটি শরৎকালীন বুস্টার ডোজ সুপারিশ করা হয়, যা তাদের শেষ COVID-19 টিকা বা সংক্রমণের 9 মাস পরে দেওয়া উচিত।.

তবে, যদি আপনার সন্তানের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হয়, তবে তার প্রথম ডোজ নেওয়ার 4 সপ্তাহ পরেই দ্বিতীয় ডোজ নেওয়া উচিত।. দ্বিতীয় ডোজ নেওয়ার 8 সপ্তাহ পরে, তাদের COVID-19 টিকার অতিরিক্ত ডোজ নিতে হতে পারে।. তারপরে তাকে অতিরিক্ত ডোজ নেওয়ার বা COVID-19 সংক্রমণ হওয়ার 4 মাস পরে একটি প্রথম বুস্টার নিতে হবে।.

দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন যে শিশুরা অতিরিক্ত ডোজ এবং প্রথম বুস্টার ডোজ নিয়েছে, তাদের শরতকালীন বুস্টার ডোজ নেওয়ার সুপারিশ করা হয়।. শরতকালীন বুস্টার ডোজটি পূর্ববর্তী বুস্টার ডোজ নেওয়ার বা COVID-19 সংক্রমণ হওয়ার 6 মাস পরে নেওয়া উচিত।.

## আমার সন্তানের এখন COVID-19 হয়েছে, তারা কি টিকাটি পেতে পারে?

যদি আপনার সন্তানের COVID-19 হয়ে থাকে এবং তার টিকার প্রথম ডোজ নেওয়া বাকি থাকে:

- তাহলে তার মধ্যে প্রথম উপসর্গ দেখতে পাওয়ার বা COVID-19 পরীক্ষা পজিটিভ আসার 4 সপ্তাহ পর টিকা দেওয়া যেতে পারে

যদি আপনার সন্তানের COVID-19 হয়ে থাকে এবং তার টিকার দ্বিতীয় ডোজ নেওয়া বাকি থাকে:

- তাহলে তার মধ্যে প্রথম উপসর্গ দেখতে পাওয়ার বা COVID-19 পরীক্ষা পজিটিভ আসার 8 সপ্তাহ পর টিকা দেওয়া যেতে পারে।.

যদি আপনার সন্তানের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল এবং তার দ্বিতীয় ডোজ নেওয়ার পরে COVID-19 হয়ে থাকে এবং অতিরিক্ত ডোজ নেওয়া বাকি থাকে:

- যদি টিকার দ্বিতীয় ডোজ নেওয়ার 7 দিন বা তার পরে COVID-19 সংক্রমণ হয়, তবে অতিরিক্ত ডোজ নেওয়ার দরকার নেই।. সংক্রমণের 4 মাস পরে তাকে প্রথম বুস্টার ডোজ নিতে হবে
- যদি আপনার সন্তানের দ্বিতীয় ডোজ নেওয়ার 7 দিনের মধ্যে COVID-19 সংক্রমণ হয় তবে সংক্রমণের 4-8 সপ্তাহ পরে তাকে অতিরিক্ত ডোজ নিতে হবে

যদি আপনার সন্তানের বুস্টার ডোজ বাকি থাকে, তাহলে COVID-19 সংক্রমণের পরে আপনার সন্তান কবে বুস্টার নিতে পারে, সেই তথ্যের জন্য পূর্ববর্তী প্রশ্নটি পড়ুন।.

## দুর্বল ইমিউন ক্ষমতাসম্পন্ন কিছু শিশুকে কেন অতিরিক্ত ডোজ এবং একটি বুস্টার ডোজ দেওয়া হচ্ছে?

আমরা আশা করি যে টিকার একটি অতিরিক্ত ডোজ নিম্নলিখিতগুলি করবে:

- টিকার প্রতি তাদের অনাক্রম্য ব্যবস্থার প্রতিক্রিয়ায় উন্নতি ঘটাবে
- তাদের COVID-19 এর বিরুদ্ধে আরও ভাল সুরক্ষা দেবে
- তাদের COVID-19-এ গুরুতর অসুস্থ হওয়া থেকে বিরত রাখবে

আপনার সন্তানকে একটি বুস্টার ডোজ দেওয়া হচ্ছে কারণ:

- আপনার সন্তানের ইতিমধ্যেই পাওয়া টিকা থেকে সুরক্ষা সময়ের সাথে দুর্বল হতে পারে
- আপনার শিশুর গুরুতর রোগের উচ্চ ঝুঁকিতে থাকতে পারে
- আপনার শিশুর অনাক্রম্য ব্যবস্থা টিকাকরণের মতো তীব্রভাবে প্রতিক্রিয়া জানায় না

আমরা আশা করি যে টিকার একটি বুস্টার ডোজ আপনার শিশুকে COVID-19 থেকে অতিরিক্ত সুরক্ষা দেবে এবং যদি তাদের COVID-19 হয়ে থাকে তবে তাদের গুরুতর অসুস্থতা থেকে বাঁচাতে সাহায্য করবে। বুস্টার ডোজ হিসাবে আপনার সন্তানকে একটি অভিযোজিত টীকা দেওয়া হবে।.

## কেন বিভিন্ন চিকিৎসাগত অবস্থা সহ কিছু শিশুদের শরতকালীন বুস্টার ডোজ দেওয়া হচ্ছে?

আপনার সন্তানকে একটি শরতকালীন বুস্টার ডোজ দেওয়া হচ্ছে কারণ:

- আপনার সন্তানের ইতিমধ্যেই পাওয়া টিকা থেকে সুরক্ষা সময়ের সাথে দুর্বল হতে পারে
- আপনার সন্তানের গুরুতর অসুস্থতার উচ্চ ঝুঁকি থাকতে পারে

আমরা আশা করি যে টিকার একটি বুস্টার ডোজ আপনার শিশুকে COVID-19 থেকে অতিরিক্ত সুরক্ষা দেবে এবং যদি তাদের COVID-19 হয়ে থাকে তবে তাদের গুরুতর অসুস্থতা প্রতিরোধে সহায়তা করবে।.

## টীকার অতিরিক্ত ডোজ এবং বুস্টার ডোজ পাওয়ার সুরক্ষা সম্পর্কে আমরা কী জানি?

আমাদের কাছে COVID-19 টিকার অতিরিক্ত ডোজের নিরাপত্তার বিষয়ে কম তথ্য আছে।. অতিরিক্ত ডোজ নেওয়া লোকেদের উপর অধ্যয়নগুলি কোনও গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া দেখায়নি।.

আপনি হয়তো মায়োকার্ডাইটিস-এর বিষয়ে শুনে থাকবেন, যা 5-11 বছর বয়সী শিশুদের মধ্যে খুবই বিরল।. মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস হল প্রদাহজনিত হার্টের অবস্থা এবং mRNA টিকার খুব বিরল ঝুঁকি।. এই বিরল পার্শ্বপ্রতিক্রিয়াগুলি 30 বছরের কম বয়সী পুরুষদের মধ্যে তাদের দ্বিতীয় প্রাথমিক টিকার ডোজ নেওয়ার পরে বেশি দেখা যায়।. প্রথম বুস্টারের পরে এই পার্শ্ব প্রতিক্রিয়াগুলির ঝুঁকি কম বলে মনে হয়।.

## টিকার অতিরিক্ত ডোজ বা বুস্টার ডোজ কি EMA দ্বারা লাইসেন্সপ্রাপ্ত?

EMA দ্বিতীয় ডোজ নেওয়ার অন্তত 28 দিন পর একই mRNA টিকার একটি অতিরিক্ত ডোজ নেওয়ার অনুমতি দিয়েছে।. এই বয়সের গোষ্ঠীর জন্য EMA বুস্টার হিসেবে অভিযোজিত টিকার অনুমোদন দিয়েছে।. NIAC শুধুমাত্র দুর্বল ইমিউন সিস্টেম বা এমন চিকিৎসার অবস্থা সহ শিশুদের জন্য বুস্টার ডোজ সুপারিশ করেছে যাদের COVID-19 থেকে গুরুতরভাবে অসুস্থ হওয়ার ঝুঁকি রয়েছে। তারা পরামর্শ দিয়েছে যে অভিযোজিত টিকাগুলি প্রাথমিক কোর্সের জন্যও ব্যবহার করা যেতে পারে।. স্থানীয় ডেটা এবং বিবেচনার কারণে NIAC সুপারিশগুলি EMA-এর সুপারিশগুলি থেকে আলাদা হতে পারে।.

**আয়ারল্যান্ডে আমরা NIAC-এর উপদেশ অনুসরণ করে চলি।.**

## টিকার পার্শ্ব প্রতিক্রিয়াগুলি কী?

সমস্ত ওষুধের মতো, টিকার ফলে পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে।. এর মধ্যে বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়াই হালকা থেকে মাঝারি মানের, সাময়িক এবং সবার হয় না।.

10 জনের মধ্যে 1 জনের বেশি মানুষের মধ্যে এই **খুব সাধারণ** পার্শ্ব প্রতিক্রিয়াগুলি দেখা যায়:

- ক্লান্ত বোধ করা
- বাহুতে টিকার ইনজেকশন নেওয়ার স্থানে কোমলতা বা ফোলাভাব
- মাথা ব্যথা
- পেশী ব্যথা
- গাঁটে ব্যথা
- ডায়েরিয়া
- জ্বর (38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি শরীরের তাপমাত্রা) বা ঠাণ্ডা লাগা

10 জনের মধ্যে 1 জনের মধ্যে এই **সাধারণ** পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে:

- গা গোলানো
- বমি
- টিকা দেওয়ার জায়গায় লালচেভাব
- লসিকা গ্রন্থিতে ফোলাভাব

100 জনের মধ্যে 1 জনের এই**অস্বাভাবিক** পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে:

- মাথা ঘোরা
- টিকা নেওয়ার স্থানে চুলকানি
- চুলকানিভাব
- ফুসকুড়ি
- অনিদ্রা
- অত্যধিক ঘাম
- রাতে ঘাম দেওয়া
- খিদে কমে যাওয়া
- শক্তির অভাব, আলস্য বা অসুস্থ বোধ করা
- যে হাতে টীকা দেওয়া হয়েছে সেখানে ব্যথা

1,000 জনের মধ্যে 1 জনের এই**বিরল** পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে:

- মুখের একপাশ সাময়িকভাবে ঝুলে যাওয়া

10,000 জনের মধ্যে 1 জনের এই **খুব বিরল** পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে:

- মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস

মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস হল হৃদপিণ্ডের প্রদাহজনক অবস্থা।. অল্পবয়সী পুরুষদের মধ্যে এই বিরল অবস্থার ঝুঁকি বেশি থাকে।.

দ্বিতীয় ডোজ নেওয়ার পরে এই অবস্থা দেখা যাওয়ার সম্ভাবনা বেশি থাকে এবং বেশিরভাগই টিকা নেওয়ার 14 দিনের মধ্যে দেখা যায়।.

দুটি ইউরোপীয় গবেষণায় টিকার দ্বিতীয় ডোজ নেওয়ার পরে মায়োকার্ডাইটিস হওয়ার ঝুঁকি অনুমান করা হয়েছে:

- 12 থেকে 29 বছর বয়সী প্রতি 38,000 জন পুরুষের মধ্যে একটি অতিরিক্ত কেস (7 দিনের মধ্যে)
- 16 থেকে 24 বছর বয়সী প্রতি 17,500 জন পুরুষের মধ্যে একটি অতিরিক্ত কেস (28 দিনের মধ্যে)

অন্যান্য দেশের প্রাথমিক তথ্য থেকে জানা গেছে 16 থেকে 24 বছর বয়সীদের তুলনায় 12 থেকে 15 বছর বয়সীদের মায়োকার্ডাইটিস হওয়ার সম্ভাবনা কম থাকে।. 5–11 বছর বয়সী শিশুদের মধ্যে মায়োকার্ডাইটিস খুবই বিরল।.

বেশির ভাগ মানুষ নিজে থেকে বা সহায়ক চিকিৎসার মাধ্যমে ভালো হয়ে যায়, কিন্তু হাসপাতালে চিকিৎসার প্রয়োজন হয়।. এই পার্শ্ব প্রতিক্রিয়াগুলির কারণে দীর্ঘমেয়াদী সমস্যা আছে কিনা তা আমরা এখনও জানি না।.

এখনও জানা যায়নি যে, যতজন এই টিকা নেবেন তার মধ্যে কতজন এই পার্শ্ব প্রতিক্রিয়াগুলি অনুভব করবেন, তবে সেগুলি **অত্যন্ত বিরল** বলে মনে করা হয়:

- একটি গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া।. আপনার টিকা প্রদানকারীকে গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়াগুলির চিকিৎসা করার জন্য প্রশিক্ষণ দেওয়া হয়
- এরিথেমা মাল্টিফর্ম (Erythema Multiforme), এক প্রকারের ত্বকের প্রতিক্রিয়া যেটায় ত্বকে লালচে দাগ বা প্যাচ সৃষ্টি হয়, যেটাকে টার্গেট বা "বুলস-আই" এর মতো লাগতে পারে এবং এর কেন্দ্রে গাঢ় লাল অংশের চারপাশে বৃত্তাকারে ফ্যাকাসে লাল হয়ে থাকে।
- আপনার ফেসিয়াল ফিলার করা থাকলে, মুখ ফুলে যাওয়া
- হাতে (বা পায়ে) টিকা দেওয়ার স্থানে ব্যাপক ফোলাভাব
- ঝিনঝিন বা কাঁটা ফোটার মতো লাগা অথবা শরীরের কিছু জায়গায় অসাড় হয়ে যাওয়া
- অত্যধিক ঋতুস্রাব

অন্যান্য সমস্ত লাইসেন্সপ্রাপ্ত টিকার মতোই COVID-19 টিকাও একই ক্লিনিকাল ট্রায়াল এবং নিরাপত্তাগত পরীক্ষা অতিক্রম করেছে, তবে টিকাটি নতুন এবং এর দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়ার তথ্য এখনও বেশি উপলব্ধ নেই।.

আয়ারল্যান্ড এবং সারা বিশ্বে যত বেশি লোক এই টিকা গ্রহণ করবে, ততই পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কিত আরও তথ্য উপলব্ধ হবে।. HSE নিয়মিত আমাদের ওয়েবসাইটে এই তথ্য নিয়মিতভাবে আপডেট করবে, এবং প্রয়োজন হলে টিকার প্রথম বা দ্বিতীয় ডোজ নেওয়ার সময় মানুষদের যে তথ্য সম্বলিত লিফলেট দেওয়া হয়, তা আপডেট করবে।.

## মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিসের লক্ষণগুলি

বিরল ক্ষেত্রে, কমির্নাটি (Pfizer/BioNTech) টিকা নেওয়ার পর লোকেদের মধ্যে মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস দেখা দিতে পারে।. মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস হল হৃদপিণ্ডের প্রদাহজনক অবস্থা।.

আপনার সন্তানের এই লক্ষণগুলি দেখা দিচ্ছে কি না, তা আপনাকে দেখতে হবে।. টিকা নেওয়ার পরে আপনার সন্তানের মধ্যে এই নিম্নলিখিত লক্ষণগুলির মধ্যে কোনোটি দেখতে পেলে চিকিৎসার সহায়তা নিন:

- শ্বাসকষ্ট
- বুক ধড়ফড় করা (তীব্র হৃদস্পন্দন, যেটা অনিয়মিতও হতে পারে)
- বুকে ব্যথা

## এমন কিছু শিশু কি রয়েছে, যাদের COVID-19 টিকা নেওয়া উচিত নয়?

**হ্যাঁ।. আপনার সন্তানের কমির্নাটি (Pfizer/BioNTech) COVID-19 টিকা নেওয়া উচিত নয় যদি:**

- আপনার সন্তানের টিকার যেকোনো উপাদানের (পলিথিন গ্লাইকোল বা পিইজি সহ) প্রতি তীব্র অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া থাকে।. উপাদানের তালিকা দেখার জন্য **www.hse.ie/COVID19vaccinePIL**-তে প্রস্তুতকারকের রোগী তথ্য লিফলেটটি পড়ুন।.
- আপনার সন্তানের Pfizer/BioNTech টিকার পূর্ববর্তী ডোজ নেওয়ার পর গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া হয়ে থাকে।.
- ট্রোমেটামল (Trometamol) (MRI রেডিওলজিক্যাল অধ্যয়নগুলিতে ব্যবহৃত কনট্রাস্ট ডাই-এর উপাদানের মধ্যে একটি) -এর প্রতি আপনার সন্তানের গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া রয়েছে।.

COVID-19-এর টিকা নেওয়ার আগে আপনার উচিৎ আপনার সন্তানের চিকিৎসকের সাথে কথা বলা যদি তাদের:

- অতীতে কোনো প্রকারের ভ্যাকসিন বা ওষুধের প্রয়োগে গুরুতর অ্যালার্জি হওয়ার ঘটনা ঘটে থাকে।.
- COVID-19 ভ্যাকসিনের পূর্ববর্তী ডোজ নেওয়ার পর মায়োকার্ডাইটিস বা পেরিকার্ডাইটিস (হৃদপিন্ডের পেশীতে অথবা হৃদপিন্ডের পর্দায় প্রদাহ)হয়ে থাকলে

যদি আপনার সন্তানের পূর্বে মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম থাকে তবে তারা সুস্থ হয়ে গেলে এবং রোগ নির্ণয় হওয়ার অন্তত 90 দিন পরে, যেটির সময়কাল বেশি হবে, তারপর তারা COVID-19 টিকা পেতে পারে।.

একটি সতর্কীকরণ হিসেবে, সম্প্রতি আপনার সন্তান যদি MPOX (আগে বলা হতো মাঙ্কিপক্স) ভ্যাকসিন (ইমভানেক্স বা জিনিওস)নিয়ে থাকে, তাহলে মায়োকার্ডাইটিসের অজানা ঝুঁকির কারণে তাদের COVID-19 ভ্যাকসিন নেওয়ার জন্য 4 সপ্তাহ অপেক্ষা করতে হবে।.

বেশির ভাগ শিশুই নিরাপদে টিকা নিতে পারবে।. টিকা নেওয়ার জন্য অ্যাপয়েন্টমেন্টের সময়, যিনি আপনার সন্তানকে ভ্যাকসিন দেবেন তিনি আপনার যে কোন প্রকারের জিজ্ঞাস্যের উত্তর সানন্দেদেবেন।.

তারা আপনাকে ভ্যাকসিন নেওয়ার পরবর্তী সময়ে সেবা-শুশ্রূষা সংক্রান্ত পরামর্শ দেবেন ও একটি ভ্যাকসিন রেকর্ড কার্ড দেবেন, যাতে আপনার সন্তানের নাম, আপনার সন্তানকে দেওয়া টিকার ব্যাচ নম্বর লেখা থাকবে।.

# টিকা পাওয়ার পর

আজকে আমরা আপনাকে আপনার সন্তানের টিকাদানের একটি রেকর্ড দিচ্ছি।.
**অনুগ্রহ করে এই রেকর্ড কার্ডটি সাবধানে রেখে দেবেন।.**

## পরবর্তী কয়েকদিনে কী ঘটতে পারে?

আজ আপনার সন্তানকে যে টিকাটি দেওয়া হয়েছে, সেটি নিয়ে কোনো ব্যক্তির আগে তালিকাভুক্ত করা পার্শ্ব প্রতিক্রিয়াগুলি দেখা দিতে পারে।. এর মধ্যে বেশিরভাগই খুবই হালকা থেকে মাঝারি প্রকারের এবং অল্পক্ষণের জন্য দেখা যায়।.

## টিকার পরে জ্বর

টিকাদানের পর জ্বর হওয়া একটি স্বাভাবিক ঘটনা।. এটি সাধারণত টিকা নেওয়ার 2 দিনের মধ্যে দেখা যায় এবং 2 দিনের মধ্যে এটি ঠিকও হয়ে যায়।. এই টিকার দ্বিতীয় ডোজটি নেওয়ার পর আপনার সন্তানেরও জ্বর হওয়ার সম্ভাবনা বেশি থাকে।.

আপনার সন্তানের যদি অস্বস্তি হয়, আপনি তাকে প্যারাসিটামল বা আইবুপ্রোফেন দিতে পারেন যেমনটি এই বক্সে বা লিফলেটে নির্দেশ হিসাবে দেওয়া রয়েছে।. আপনি যদি আপনার সন্তানের স্বাস্থ্য নিয়ে খুবই বিচলিত হয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে চিকিৎসকের পরামর্শ নিন।.

## টিকাটি কার্যকরী হতে কতক্ষণ সময় লাগতে পারে?

COVID-19 টিকার উভয় ডোজ নেওয়ার পরে, বেশিরভাগ মানুষের মধ্যেই এই রোগ প্রতিরোধের ক্ষমতা গড়ে উঠবে।. এর মানে তারা COVID-19 -এর প্রকোপ থেকে তারা সুরক্ষিত থাকবে।.

দ্বিতীয় ডোজ দেবার 7 দিন পর থেকে এটি কার্যকরী হয়।.

টিকা নেওয়ার পরেও আপনার সন্তানের COVID-19-এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা থেকে যায়।.

## এই টিকা কি সকলের শরীরে কার্যকরী?

গতবছর কোটি মানুষের উপর এই টিকা প্রয়োগ করা হয়েছে।. COVID-19 টিকা, যেটা COVID-19-এ আক্রান্ত হওয়ার প্রবণতা কমায়, তার দৃঢ় ও নির্ভরযোগ্য প্রমাণ রয়েছে। COVID-19-এ আক্রান্ত হয়ে মৃত্যুর হাত থেকে ও গুরুতর কোনো অসুস্থতার হাত থেকে বাঁচাতে এগুলি খুবই কার্যকরী।.

প্রত্যেক ব্যক্তির ওপর এই টিকা একইভাবে কাজ করে না এবং টিকাকরণ হয়ে যাবার পরও COVID-19 -এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা বজায় থাকে।. আপনার সন্তানের যদি দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা থেকে থাকে, তাহলে এই টিকা নেওয়ায় তার কোনো অতিরিক্ত ঝুঁকির সম্ভাবনা নেই, তবে এটি আপনার সন্তানের ক্ষেত্রে ততটা কার্যকরী নাও হতে পারে।.

## টিকা গ্রহণের পর গড়ে ওঠা রোগ প্রতিরোধ ক্ষমতা কতদিন কার্যকরী থাকে?

আমরা এখনও পর্যন্ত জানি না যে কতদিন পর্যন্ত ইমিউনিটি থাকবে।. এটি অনুসন্ধান করার জন্য নিদানিক পরীক্ষণগুলি চালু রয়েছে।.

## আমার সন্তান টিকা নিলে, তার মানে সে কি তারা আর অন্যদের মধ্যে COVID-19 ছড়াবে না?

আমরা এখনও জানি না যে টিকা নেওয়ার ফলে লোকেরা অন্যদের মধ্যে COVID-19 ভাইরাস ছড়ানো বন্ধ করে দেবে কিনা।. তাই ভাইরাসের বিস্তার কীভাবে বন্ধ করা যায় সে বিষয়ে আমাদের সকলের জনস্বাস্থ্য বিষয়ক পরামর্শ অনুসরণ করা গুরুত্বপূর্ণ।.

টিকা দেওয়ার পরে আপনার শিশুকে টিকা দেওয়া ব্যক্তিদের জন্য যে জনস্বাস্থ্য বিষয়ক নির্দেশিকা থাকে তা অনুসরণ করা চালিয়ে যাওয়ার পরামর্শ দেওয়া হবে।.

## আমার সন্তান কি COVID-19 টিকা ও অন্যান্য টিকাগুলি নিতে পারে?

একটি সতর্কীকরণ হিসেবে, সম্প্রতি আপনার সন্তান যদি MPOX (আগে বলা হতো মাঙ্কিপক্স) ভ্যাকসিন (ইমভানেক্স বা জিনিওস)নিয়ে থাকে, তাহলে মায়োকার্ডাইটিসের অজানা ঝুঁকির কারণে তাদের COVID-19 ভ্যাকসিন নেওয়ার জন্য 4 সপ্তাহ অপেক্ষা করতে হবে।.

যাইহোক, আপনার শিশু তাদেরন্যাজাল স্প্রে ফ্লু ভ্যাকসিন এবং স্কুল-ভিত্তিক যেকোন টিকা সহ তাদের প্রয়োজনীয় অন্যান্য ভ্যাকসিনগুলির মতো একই সময়ে একটি COVID-19 টিকা পেতে পারে।.

## আপনার সন্তানের টিকা পাওয়ার জন্য সম্মতি

প্রতিটি শিশুর টিকাকরণের সময় তার পিতা-মাতা বা আইনি অভিভাবকের সম্মতি চাওয়া হবে।.

কোনো শিশুকে টিকা নেওয়ার জন্য একা টিকাকরণ কেন্দ্রে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।.

টিকা নেওয়া বা না নেওয়ার বিষয়ে আপনার সিদ্ধান্তকে সম্পূর্ণ মান্যতা দেওয়া হবে এবং আপনার পছন্দ সম্পর্কে আপনাকে অবগত করতে নিচের সারসংক্ষেপের টেবিলটি হয়তো আপনাকে সাহায্য করবে।.

| আপনার সন্তানকে টিকা দেওয়ার কথা বিবেচনা করুন যদি: | আপনার সন্তানকে টিকা না দেওয়ার কথা বিবেচনা করুন, বা আরও তথ্য না পাওয়া পর্যন্ত অপেক্ষা করুন, যদি: |
|---|---|
| • আপনার সন্তানের এমন কোন চিকিৎসাগত স্থিতি থেকে থাকে যা তাদের গুরুতর COVID-19-এ আক্রান্ত হওয়ার ঝুঁকি বাড়িয়ে তোলে।.<br>• আপনার সন্তান এমন কোনো শিশু বা প্রাপ্ত বয়স্কের সাথে বসবাস করে যার COVID-19 হওয়ার সম্ভাবনা প্রবল।.<br>• আপনি আপনার সন্তানকে COVID-19, মাল্টিসিস্টেম ইনফ্লেমেটরী সিনড্রোম বা 'দীর্ঘ COVID' -এ আক্রান্ত হওয়ার ক্ষীণ সম্ভাবনা হাত থেকেও রক্ষা করতে চান।. | • টিকাকরনের ফলে মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডিটিসের মতো পার্শ্বপ্রতিক্রিয়ার অতি বিরল সম্ভাবনার ঝুঁকিও আপনি নিতে চান না।.<br>• শিশুদের মধ্যে মাল্টিসিস্টেম ইনফ্লেমেটরী সিনড্রোম এবং COVID-19 সংক্রান্ত আরো তথ্য উপলব্ধ হওয়া পর্যন্ত আপনি অপেক্ষা করতে চান।.<br>• শিশু এবং কম বয়সীদের উপর এই ভ্যাকসিনের দীর্ঘকালীন প্রভাব সম্পর্কে আরও তথ্য উপলব্ধ হওয়া পর্যন্ত আপনি অপেক্ষা করতে চান।. |

| টিকার উপকারিতাগুলি | টিকার ঝুঁকিগুলি |
|---|---|
| • সেই সকল শিশু ও তরুণ-তরুণীদের সুরক্ষা প্রদান করা যাদের শারীরিক স্থিতির কারণে COVID-19-এ আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশি।.<br>• গুরুতর COVID-19 থেকে সুস্থ শিশু এবং কম বয়সীদের জন্য সুরক্ষা - যদিও এই বয়সের মধ্যে এটি খুব বিরল।. শিশুদের COVID-19-এর কারণে হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি কম, এবং ইন্টেনসিভ কেয়ারে চিকিৎসার প্রয়োজন হওয়ার ঝুঁকিও অত্যন্ত কম।.<br>• COVID-19 , এবং COVID-19 থেকে হওয়া জটিলতাগুলি যেমন শিশুদের মধ্যে 'লং COVID' এবং মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম থেকে সুরক্ষা প্রদান করা<br>• COVID-19 যা শিশুদের তাদের স্কুলে অনুপস্থিত থাকতে বাধ্য করে তা থেকে সুরক্ষা প্রদান।.<br>• অন্যদের মধ্যে COVID-19 ছড়ানো রুখতে সাহায্য করতে পারে।. এটিকে সেইক্ষেত্রে বিশেষ প্রাধান্য দেওয়া প্রয়োজন যদি শিশু ও কমবয়সীরা সেইসকল শিশু বা প্রাপ্তবয়স্কের সাথে বসবাস করে যাদের গুরুতর COVID-19 হওয়ার সম্ভাবনা প্রবল।. | • ক্ষণস্থায়ী পার্শ্ব প্রতিক্রিয়া যেমন হাতে ব্যথা,জ্বর বা ক্লান্তিভাব।.<br>• প্রায় 100,000জন লোকের মধ্যে 1 জনের ক্ষেত্রে গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া যেমন ভ্যাকসিনের ফলে অ্যালার্জি দেখা যেতে পারে।.<br>• খুব কম ক্ষেত্রে কিছু মানুষের টিকাকরণের পর হৃদপিন্ডে প্রদাহ (মায়োকার্ডাইটিস) এবং হৃদপিন্ডে বাইরের পর্দায় (পেরিকার্ডাইটিস) প্রদাহ লক্ষ্য করা গেছে।. বেশিরভাগ লোকই মায়োকার্ডাইটিস ও পেরিকার্ডাইটিস থেকে সেরে ওঠে তবে তাদের হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিতে হতে পারে।.<br>• COVID-19 ভ্যাকসিন নেওয়ার ফলে শিশুদের মধ্যে ঘটা কোন দীর্ঘস্থায়ী পার্শ্ব প্রতিক্রিয়া কথা আমাদের জানা নেই।. |

## আরও তথ্য

আরও তথ্যের জন্য প্রস্তুতকারকের রোগী তথ্য লিফলেটটি পড়ুন।. যে দিনে আপনার সন্তান টীকা গ্রহণ করে, সেই দিন আপনার জন্য এটি প্রিন্ট করা হবে, বা আপনি এটি খুঁজে দেখতে পারেন **www.hse.ie/covid19vaccinePIL**

এছাড়াও আপনি আপনার GP (চিকিৎসক) বা ফার্মাসিস্ট বা স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে কথা বলতে পারেন।.

এছাড়াও আপনি ভিজিট করতে পারেন HSE ওয়েবসাইট **www.hse.ie/covid19vaccine** or call HSELive on **1800 700 700.**

অন্যান্য ফরম্যাটে উপকরণসমূহ এবং অনুবাদ সহায়তা সহ COVID-19 ভ্যাকসিন সম্পর্কে আরও তথ্যের জন্য, দেখুন **www.hse.ie/covid19vaccinematerials**

## আমি কীভাবে পার্শ্ব প্রতিক্রিয়াগুলির বিষয়ে রিপোর্ট করতে পারি?

সমস্ত টিকার মতো, আপনি স্বাস্থ্য পণ্য নিয়ন্ত্রক কর্তৃপক্ষ (HPRA) এর কাছে সন্দেহজনক পার্শ্ব প্রতিক্রিয়া রিপোর্ট করতে পারেন।.

ওষুধ, মেডিক্যাল ডিভাইস এবং অন্যান্য স্বাস্থ্য সম্বন্ধীয় প্রোডাক্টের জন্য HPRA হল আয়ারল্যান্ড প্রজাতন্ত্রের নিয়ন্ত্রক কর্তৃপক্ষ।. ওষুধের নিরাপত্তা পর্যবেক্ষণে তার ভূমিকার অংশ হিসেবে, HPRA এমন একটি ব্যবস্থা পরিচালনা করে যার মাধ্যমে স্বাস্থ্যসেবা পেশাদার বা জনসাধারণের সদস্যরা আয়ারল্যান্ডে ঘটে যাওয়া ওষুধ এবং টিকার সাথে সম্পর্কিত যে কোনও সন্দেহজনক প্রতিকূল প্রতিক্রিয়া (পার্শ্বপ্রতিক্রিয়া) রিপোর্ট করতে পারে।.

COVID-19 টিকার সাথে সম্পর্কিত সন্দেহজনক প্রতিকূল প্রতিক্রিয়া (পার্শ্ব প্রতিক্রিয়া) রিপোর্ট করার জন্য HPRA দৃঢ়ভাবে তাদের নিরাপদ এবং কার্যকর ব্যবহার ক্রমাগত নিরীক্ষণ সমর্থন করার জন্য উৎসাহিত করে।. COVID-19 টিকার বিষয়ে সন্দেহজনক পার্শ্ব প্রতিক্রিয়া রিপোর্ট করার জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন**www.hpra.ie/report**

আপনার জন্য এটি রিপোর্ট করতে আপনি আপনার চিকিৎসক বা একজন পরিবারের সদস্যকেও বলতে পারেন।. যতটা তথ্য জ্ঞাত রয়েছে ততটা তথ্য প্রদান করা উচিত এবং যেখানে সম্ভব, ভ্যাকসিন ব্যাচ নম্বর অন্তর্ভুক্ত করা উচিত।.

ব্যক্তিবিশেষে HPRA নিদানিক উপদেশ প্রদান করতে পারেন।. জনসাধারণের সদস্যদের থাকা যেকোনো চিকিৎসাগত উদ্বেগের জন্য তাদের উচিৎ স্বাস্থ্যসেবা পেশাদার (তাদের ডাক্তার বা ফার্মাসিস্ট)-এর সাথে যোগাযোগ করা।.

## আপনার ব্যক্তিগত তথ্য

সুরক্ষিতভাবে টিকা দেওয়ার কার্যক্রম চালাতে এবং সকল প্রয়োজনীয় তথ্যের রেকর্ড রাখতে যাতে ভ্যাকসিনকে ভালোভাবে মনিটর ও ম্যানেজ করা যায় HSE আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য ব্যবহার করবে।. সাধারণ নিয়ম কানুন মেনে HSE সকল তথ্যের ব্যবহার করবে এবং 2018 থেকে জারি হওয়া জেনারেল ডাটা প্রোটেকশন রেগুলেশন (GDPR)-এর উপর বিশেষ জোর দেবে।.

আপনার সন্তানের সকল তথ্য আইনসম্মত এবং বৈধ উপায়ে ব্যবহার করা হবে।. টিকাকরণ ম্যানেজ করার বিশেষ উদ্দেশ্যেই এই সকল তথ্য কেবলমাত্র ব্যবহার করা হবে. তথ্য মিনিমাইজেশনের নীতি জারি করা হয়েছে।. এর অর্থ হলো কেবলমাত্র সেই সকল তথ্যই রেকর্ড করা হবে যা আপনার সন্তানকে চিহ্নিত করতে, তাদের অ্যাপয়েন্টমেন্ট বুক করতে, তাদের টিকাকরণের রেকর্ড এবং তার প্রতিক্রিয়ার উপর নজর রাখতে প্রয়োজনীয়।.

আপনার সন্তানের যেসকল তথ্য ব্যবহার করা হবে GDPR-এর অধীনে সেই সকল তথ্য সম্পর্কে আপনার নিম্নলিখিত অধিকারগুলি রয়েছে।.

- আপনার সন্তানের বিভিন্ন ব্যক্তিগত তথ্য জানতে অনুরোধ জানানো এবং তাতে অ্যাক্সেস পাওয়া (যা সাধারণত 'তথ্যের বিষয়ে অ্যাক্সেস পাওয়ার অনুরোধ' নামে পরিচিত)।. এর ফলে আপনি (শিশুর পিতামাতা বা আইনি অভিভাবক) আমাদের কাছে রক্ষিত আপনার সন্তানের বিভিন্ন ব্যক্তিগত তথ্যের একটি অনুলিপি পাবেন এবং পরীক্ষা করে দেখতে পারবেন যে আমরা সেগুলি আইনসম্মতভাবে ব্যবহার করেছি কি না।.
- আমাদের কাছে রক্ষিত আপনার সন্তানের বিভিন্ন ব্যক্তিগত তথ্যের সংশোধন করার জন্য অনুরোধ করা।. এটি আপনাকে আপনার সন্তানের সম্পর্কে আমাদের কাছে রক্ষিত বিভিন্ন ব্যক্তিগত তথ্য যদি কোনো অসম্পূর্ণ বা ভুল তথ্য থেকে থাকে তা ঠিক করার সুযোগ দেয়।.
- আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য মুছে ফেলার অনুরোধ করুন।. আপনার সন্তানের কোনো ব্যক্তিগত তথ্য যা আমাদের কাছে রাখার আর কোনো যুক্তিসংগত কারণ নেই তা আপনি মুছে ফেলতে বা সরিয়ে ফেলতে এর মাধ্যমে অনুরোধ জানাতে পারেন।. আপনি যদি আপনার সন্তানের সম্পর্কে এমন কোনো ব্যক্তিগত তথ্য খুঁজে পান যা ব্যবহার করার ক্ষেত্রে আপনার আপত্তি আছে তা মুছে ফেলতে বা সরিয়ে ফেলতে আপনার কাছে আমাদেরকে অনুরোধ জানাবার অধিকার আছে।.
- কোনো ব্যক্তিগত তথ্য ব্যবহার করার ক্ষেত্রে আপনার আপত্তি আছে।.

আরও তথ্য উপলব্ধ রয়েছে **www.hse.ie/eng/gdpr** -তে

**COVID-19 VACCINE**
Public Health Advice

HSE দ্বারা প্রকাশিত 14 সেপ্টেম্বর 2023-এ
সর্বাধিক আপ-টু-টেড তথ্যের জন্য ভিজিট করুন **www.hse.ie**

Rialtas na hÉireann
Government of Ireland